যদি সালাত সম্পর্কে নতুন কিছু হতো, তবে অবশ্যই তোমাদের তা জানিয়ে দিতাম। কিন্তু আমি তো তোমাদের মত একজন মানুষ। তোমরা যেমন ভুল করে থাক, আমিও ভুলে যাই। আমি কোন সময় ভুলে গেলে তোমরা আমাকে স্মরণ করিয়ে দেবে। তোমাদের কেউ সালাত সম্বন্ধে সন্দেহে পতিত হলে সে যেন নিঃসন্দেহ হবার চেষ্টা করে এবং সে অনুযায়ী সালাত পূর্ণ করে। অতঃপর যেন সালাম ফিরিয়ে দু’টি সাজদাহ দেয়।

‘আবদুল্লাহ— রাদয়িাল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
সলাত আদায় করলেন। রাবী ইব্রাহীম বলেন, আমার জানা নেই, তিনি বেশী করেছেন অথবা কম করেছেন। সালাম ফিরানোর পর তাঁকে বলা হলো, হে আল্লাহ্র রসূল! সলাতের মধ্যে নতুন
কিছু হয়েছে কি? তিনি বললেন, তা কী? তাঁরা বললেন, আপনি তো এরূপ এরূপ সলাত আদায় করলেন। তিনি তখন তাঁর দু’পা ঘুরিয়ে ক্বিবলাহমুখী হলেন। আর দু’টি সাজদাহ আদায় করলেন। অতঃপর সালাম ফিরালেন। পরে তিনি আমাদের দিকে ফিরে বললেন, যদি সলাত সম্পর্কে নতুন কিছু হতো, তবে অবশ্যই তোমাদের তা জানিয়ে দিতাম। কিন্তু আমি তো তোমাদের মত একজন মানুষ।
তোমরা যেমন ভুল করে থাক, আমিও ভুলে যাই। আমি কোন সময় ভুলে গেলে তোমরা আমাকে স্মরণ করিয়ে দেবে। তোমাদের কেউ সালাত সম্বন্ধে সন্দেহে পতিত হলে সে যেন নিঃসন্দেহ হবার চেষ্টা করে এবং সে অনুযায়ী সালাত পূর্ণ করে। অতঃপর যেন সালাম ফিরিয়ে দু’টি সাজদাহ
দেয়।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীস শরীফ বর্ণনা করে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিয়ে একবার সালাত আদায় করেন যাতে তিনি কম বা বেশ করেন। তখন সাহাবীগণ তাকে জিজ্ঞাসা করল, সালাতে কোন পরিবর্তন হয়েছে কি? তিনি তাদের সংবাদ দেন যে, যদি তাতে কোন পরিবর্তন হতো তিনি অবশ্যই তাদের জানাতেন। তারপর তিনি বলেন, তিনি আমাদের মতোই মানুষ সালাতে বেশি বা কম করাতে তিনিও ভুলে যান। তারপর তিনি যে ব্যক্তি ভুল করে সালাতে বেশি বা কম করার পর স্মরণ আসে তার বিধান আলোচনা করেন। প্রথমে রাকা‘আত সংখ্যার ব্যাপারে নিশ্চিত হবে। যদি কম হয়ে তা পূর্ণ করবে অথবা ভুলের জন্য দুটি সেজদা করবে। তারপর সালাম ফিরাবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11232